APR. 09 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ...
পৃষ্ঠা ...২... কলাম ...২.....

কেন এই ফাঁদ, কয়েক শ' সিনিয়র প্রভাষকের এখন কি হবে?

ইত্তেফাক রিপোর্ট ॥ অদ্ভুত নিয়মের ফাঁদে পড়ে শিক্ষা ক্যাডারের কয়েক শ' প্রভাষক চাকরি জীবনের ১৪/১৫ বছর অতিবাহিত করেও কাঙ্ক্ষিত পদোন্নতি পাচ্ছেন না। অপরদিকে মাত্র পাঁচ বছর চাকরি করে তিন শতাধিক জুনিয়র প্রভাষক অনায়াসেই পদোন্নতি পেয়েছেন।

সাধারণ শিক্ষা ক্যাডারের বিভাগীয় ও পদোন্নতি পরীক্ষার সিলেবাস প্রণীত হয় ১৯৯২ সালে। বিধান হলো ক্যাডার সার্ভিসে পদোন্নতির জন্য চাকরির (২য় পৃষ্ঠার ১-এর কঃ দ্রঃ)

কেন এই ফাঁদ

(১ম পৃষ্ঠার পর)

মেয়াদ সন্তোষজনকভাবে ন্যূনতম পাঁচ বছর পূর্ণ হতে হবে। কিন্তু কর্তৃপক্ষের গাফিলতি ও বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্ত না হওয়ায় '৯২ সালের পূর্বেই যাদের চাকরির মেয়াদ পাঁচ বছর পূর্ণ হয়েছে তাদেরকে সিনিয়র হওয়া সত্ত্বেও উক্ত পরীক্ষা না দেয়ার অজুহাতে পদোন্নতির আওতায় আনা হয়নি।

বর্তমানে শিক্ষা ক্যাডারের ২০০০ সালের বিধির আলোকে পদোন্নতি দেয়া হচ্ছে। যেখানে পরীক্ষা পাসের শর্ত উল্লেখ রয়েছে সেখানে ১৯৮৭-৮৮ সালে যারা চাকরিতে যোগদান করেছেন তাদেরকে পরীক্ষা প্রমার্জন না করে ১লা আগস্ট, ১৯৮৬ সালের পূর্বে যারা প্রভাষক পদে কর্মরত ছিলেন তাদের পরীক্ষা প্রমার্জন করে পদোন্নতি দেয়া হচ্ছে। ফলে প্রশ্ন দেখা দিয়েছে, ২০০০ সালের বিধিতে '৮৭-৮৮ সালে যোগদানকারী প্রভাষকদের পদোন্নতির জন্য পরীক্ষার শর্ত জুড়ে দেয়া কতটুকু যুক্তিযুক্ত? এদিকে নতুন জাতীয়করণকৃত ১৮টি কলেজে ২০০০ সালে বিধান প্রমার্জন করে প্রভাষক নিয়োগ দেয়া হয়েছে। যদি নিয়োগের ক্ষেত্রে প্রমার্জন হতে পারে পদোন্নতির ক্ষেত্রে প্রমার্জন হতে পারবে না কেন? এ প্রশ্ন ক্ষতিগ্রস্ত প্রভাষকদের। অপরদিকে ১৯৯২ সালে সিলেবাস প্রণীত হলেও পরীক্ষায় কৃতকার্য প্রভাষকদের পদোন্নতি কার্যকর করা হয়েছে প্রায় ৯ বছর পর ২০০১ সালের জুলাই মাসে। ইতিমধ্যে অনেকের চাকরি মেয়াদ ১৪ বছর অতিবাহি[ত]
হয়। বিধান হলো ১৪ বছর কর্মকাল পূর্ণ হ[লে]
কেউ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না
আবার কেবল পরীক্ষায় অংশগ্রহণ করে বা[...]
হলেও ১৫ বছর অতিবাহিত হওয়ার প[...]
পদোন্নতির জন্য বিবেচিত হবেন। কিন্তু এ[...]
বিধান কার্যকর হওয়ার পূর্বেই যারা কর্মকা[ল]
১৪ বছর অতিক্রম করেছে তাদের বেলায় [...]
হবে? তাদের পরীক্ষার তো কোন সুযোগ নে[ই]
তাছাড় যিনি পরীক্ষায় অংশগ্রহণের সুযো[গ]
পেলেন না তিনি অকৃতকার্য হওয়ার সু[যোগ]
পাবেন কেমন করে? এদিকে বয়স ৫০ ব[ছর]
পূর্ণ হওয়ার পর সার্বিক কারণে পরীক্ষা ছা[ড়া]
পদোন্নতি পাওয়ার একটি সুযোগ আছে
বিধিতে রাখা হয়েছে। জীবনের একটি [...]
পদোন্নতির জন্য ৫০ বছর পর্যন্ত অপেক্ষা [...]
[...]কোন প্রভাষকের জন্য বেদনাদায়ক না[...]

এ ব্যাপারে শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন[...]
[এ]হসানুল হক মিলনকে প্রশ্ন করা হলে [...]
বলেন, শিক্ষকদের পদোন্নতি সংক্রান্ত [...]
[illegible]